

- প্রেস বিজ্ঞপ্তি-

বাঁশখালী কয়লা বিদ্যুৎ প্রকল্পে শ্রমিক হতাহতের ঘটনায় আদালতের আদেশ অবমাননার পরিপ্রেক্ষিতে বেলাসহ ৬টি সংগঠনের  
আদালত অবমাননার নোটিশ প্রদান।

বাঁশখালী সদর উপজেলার গন্ডামারা ইউনিয়নের গন্ডামারা, পূর্ব বারাঘোনা ও পশ্চিম বারাঘোনা গ্রামে বাংলাদেশী শিল্প প্রতিষ্ঠান এস আলম গ্রুপ ও চীনা প্রতিষ্ঠান সেপকো থ্রি পাওয়ার কনস্ট্রাকশন করপোরেশন ও এইচটিজি ডেভেলপমেন্ট গ্রুপ কোম্পানি লিমিটেড (উদ্যোক্তা) এর যৌথ মালিকানায় এসএস পাওয়ার প্ল্যান্ট নামে নির্মিতব্য ১৩২০ মেগাওয়াটের বিদ্যুৎকেন্দ্রে বিভিন্ন সময়ে গুলি ও হতাহতের ঘটনায় প্রতিকার চেয়ে ৬টি মানবাধিকার সংগঠন বেলা, এএলআরডি, ব্লাস্ট, নিজেরা করি, সেফটি এ্যান্ড রাইটস সোসাইটি ও আসক হাইকোর্টে দুটি পৃথক জনস্বার্থমূলক মামলা (নং-৪৪৬২/২০২১ ও ৪৩৩৩/২০২১) দায়ের করে। মামলা দুটিতে পুলিশের গুলি বর্ষণের ঘটনায় নিরপেক্ষ বিচারিক তদন্তে কমিটি গঠন, এ ঘটনার প্রেক্ষিতে গঠিত জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের তদন্ত কমিটির রিপোর্ট, শ্রমিক নিরাপত্তা, সুরক্ষা ও চিকিৎসা বিষয়ে শ্রম মন্ত্রণালয়ের রিপোর্ট এবং আহত ও নিহত শ্রমিকদের যথাযথ ক্ষতিপূরণ চাওয়া হয়।

মামলার প্রাথমিক শুনানী শেষে গত ০৪ মে, ২০২১ তারিখে মহামান্য হাইকোর্টের একটি বেঞ্চ, অন্যান্য অন্তর্বর্তীকালীন আদেশের সাথে সাথে কর্মরত শ্রমিক ও মৃত এবং আহতসহ শ্রমিক পরিবারের নিরাপত্তা নিশ্চিত করতে এবং কোনো শ্রমিক বা উল্লেখিত এলাকার কোনো জনসাধারণকে যেন হয়রানি না করা হয় তা নিশ্চিত করতে বিবাদীগণকে নির্দেশ প্রদান করেন।

আদালতের এহেন সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও একজন এলাকাবাসী ইঞ্জিনিয়ার শাহনেওয়াজ চৌধুরীর বিরুদ্ধে গত ২৭ মে, ২০২১ তারিখে এস আলম গ্রুপের পক্ষে চিফ কো-অর্ডিনেটর কর্তৃক থানায় মিথ্যা মামলা দায়ের করে হয়রানী করা হচ্ছে যা স্পষ্টতঃ আদালতের নির্দেশ অবমাননার শামিল।

এ পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা), এএলআরডি, ব্লাস্ট, নিজেরা করি, সেফটি এ্যান্ড রাইটস সোসাইটি ও আসক আজ মঙ্গলবার, ১ জুন, ২০২১ তারিখ ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাঁশখালী পুলিশ স্টেশন, চট্টগ্রাম ও ব্যবস্থাপনা পরিচালক, এস আলম গ্রুপ বরাবরে আদালত অবমাননার নোটিশ প্রদান করে। নোটিশের মাধ্যমে গত ২৭ মে, ২০২১ তারিখে বাঁশখালী থানায়, চিফ কো-অর্ডিনেটর, এস আলম গ্রুপ বাঁশখালী কর্তৃক এলাকাবাসী ইঞ্জিনিয়ার শাহনেওয়াজ চৌধুরীর বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহারের অনুরোধ জানিয়েছে। একইসাথে আদালতের নির্দেশ যথাযথ প্রতিপালনের স্বার্থে পুনরায় শ্রমিক ও এলাকাবাসীকে মামলা দায়ের করে বা অন্য কোনোভাবে হয়রানি করা হতে বিরত থাকতে অনুরোধ জানিয়েছে।

আরও তথ্যের জন্য যোগাযোগ করুন।

সাব্বিদ আহমেদ কবীর  
এ্যাডভোকেট, সুপ্রীমকোর্ট  
ও আইনজীবী, বেলা।  
মোবাইল: ০১৭১১২০৮০৮১